দূরালাপনীঃ ৭২২৬১৮, কলেজ কোডঃ ০৩১৩
e-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd

তারিখঃ ০৯/০৬/২০১৮

## ২০১৭ সালের অনার্স ৩য় বর্ষ বিশেষ (অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সকল বিভাগ ঃ ১১/০৬/২০১৮ ও ১২/০৬/২০১৮ তারিখ

**পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য প্রদেয় ফিসের বিবরণঃ**

| ক্রমিক নং | বিষয় | অনিয়মিত | | গ্রেড উন্নয়ন |
|---|---|---|---|---|
| | | বিগত বছরে যারা ফরম পূরণ করেনি | বিগত বছরে যারা ফরম পূরণ করে পরীক্ষা দেয়নি | |
| ০১ | বেতন | ৩০০/- | | - |
| ০২ | সেশন চার্জ | ৩,৩১০/- | | |
| ০৩ | পরীক্ষা ফি | ১,৬০০/- | ১,৬০০/- | প্রতিপত্র ২০০/- হারে |
| ০৪ | কেন্দ্র ফি | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- |
| ০৫ | অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন) জন প্রতি | | - | ৩০০/- |
| ০৬ | ইনকোর্স পরীক্ষার ফি বিশ্ববিদ্যালয় | ১০০/- | ১০০/- | ১০০/- |
| ০৭ | ইনকোর্স পরীক্ষার ফি (কলেজ) | ২০০/- | | |
| ০৮ | ব্যবস্থাপনা ফি | ৫০/- | ৫০/- | ৫০/- |
| ০৯ | সেমিনার চার্জ | ৪০০/- | | |
| ১০ | সোনালী সেবা | ৫/- | ৫/- | ৫/- |
| | মোট = | ৬,৪১৫/- | ২,২০৫/- | - |

বিঃদ্রঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ নাই। অমুসলিম পরীক্ষার্থীদের সেশন চার্জ ৫০/- টাকা কম হবে।

**ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলীঃ**

০১। আবেদন ফরম সংগ্রহ ঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nubd.info/honours** প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফিসহ স্ব -স্ব বিভাগে জমা দিবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি অবশ্যই উল্লেখ থাকবে।

খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

ক) অনিয়মিত ঃ ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে অনার্স দ্বিতীয় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে এবং অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষায় নট প্রমোটেড বা অনুত্তীর্ণ হয়েছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। উপরোল্লিখিত শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা অনার্স দ্বিতীয় বর্ষ হতে তৃতীয় বর্ষে উত্তীর্ণ কিন্তু তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারাও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) গ্রেড উন্নয়ন ঃ

I. ২০১০-২০১১ শিক্ষা বর্ষের যে সকল শিক্ষার্থী নূন্যতম তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধিক পত্রে (F) গ্রেড রয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা শেষবারের মতো ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

II. ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী নূন্যতম অনার্স দ্বিতীয় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে কিন্তু অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় এক বা একাধিক পরীক্ষায় কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে কেবলমাত্র সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

III. যে সকল শিক্ষার্থী (শিক্ষাবর্ষ ২০১২-১৩) অনিয়মিত হিসাবে ২০১৬ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে সে সকল শিক্ষার্থীরা যে সকল কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা এরকম সর্বোচ্চ ২টি কোর্সে ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নয়নের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নয়ন করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

অধ্যক্ষ
আযমখান সরকারি কমার্স কলেজ
খুলনা।

০৯-০৬-১৮

০৩। অনার্স পাঠ্যসূচী (**Syllabus**) ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী সকল শিক্ষার্থী এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ক) ১০০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৮০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ১৫ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৫ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। একই ভাবে ৫০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৪০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ০৭ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৩ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। ইন-কোর্স এবং ক্লাস উপস্থিতির নম্বর যোগ করে প্রতিটি কোর্সকোডের বিপরীতে একসাথে অনলাইনে প্রেরণ করতে হবে এবং প্রেরণকৃত নম্বরের প্রিন্টআউট সংশ্লিষ্ট শাখায় হাতে হাতে জমা দিতে হবে। এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যলয়ের ওয়েবসাইটে প্রকাশিত পরীক্ষা রেগুলেশনের কোর্সভিত্তিক নম্বর বন্টন অনুসরণ করতে হবে।

খ) প্রতি পূর্ণকোর্স ০৪ (চার) ক্রেডিট। পূর্ণমান-৮০, পরীক্ষার সময় ০৪ (চার) ঘন্টা।

গ) প্রতি অর্ধকোর্স ০২ (দুই) ক্রেডিট। পূর্ণমান-৪০, পরীক্ষার সময় ২.৫ (আড়াই) ঘন্টা।

ঘ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতাঃ

- ❖ তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে **D** বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ❖ ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে।
- ❖ একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- ❖ promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর শুধুমাত্র F গ্রেড পাওয়া এবং অনুপস্থিত কোর্সের পরীক্ষা দেবে এবং যারা ২০১৬ সালের (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত সে সকল ০২টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ❖ **যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষের কোর্সসমূহে D বা এর বেশী গ্রেড না পাওয়া পর্যন্ত তৃতীয় বর্ষের অনার্স (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু তার ফলাফল স্থগিত থাকবে।**

ঙ) যে সকল শিক্ষার্থী অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে চতুর্থ বর্ষে উত্তীর্ণ/অনুত্তীর্ণ/নট প্রমোটেড হয়েছে এবং এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে F গ্রেড প্রাপ্ত কোর্স পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।

চ) সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে মানোন্নয়নের সুযোগ থাকবে না।

ছ) ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একটি কোর্সে অনুপস্থিত থেকে অনার্স ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে সে সকল শিক্ষার্থী ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

জ) ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা।

অধ্যক্ষ
আযমখান সরকারি কমার্স কলেজ
খুলনা।

০৯.০৬.১৮

আহবায়ক
অনার্স ৩য় বর্ষ বিশেষ পরীক্ষা -২০১৭
আযম খান সরকারি কমার্স কলেজ,খুলনা